



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ০৮/০২/২০১৭

অধ্যাপক ড. এ টি এম জহুরুল হক'র মৃত্যুতে ববি উপাচার্যের শোক প্রকাশ

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সাবেক চেয়ারম্যান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সাবেক অধ্যাপক এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাবেক সভাপতি অধ্যাপক ড. এ টি এম জহুরুল হক'র মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। এক শোক বার্তায় উপাচার্য মহোদয় বলেন, ড. এ টি এম জহুরুল হক একাধারে একজন বিশিষ্ট অর্থনীতিবিদ, শিক্ষাবিদ এবং একজন বড় মনের মানুষ ছিলেন। তাঁর সম্পর্কে স্মৃতিচারণ করতে গিয়ে উপাচার্য মহোদয় বলেন, আমার দীর্ঘ ৪২ বছরের শিক্ষকতা জীবনে আমি এবং প্রফেসর হক অত্যন্ত মধুর সময় অতিবাহিত করেছি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতিতে তিনি সভাপতি এবং আমি সাধারণ সম্পাদকের দায়িত্ব একসঙ্গে পালন করেছি। তিনি অত্যন্ত চমৎকার মানুষ ছিলেন। উপাচার্য মহোদয় তাঁর রুহের মাগফিরাত কামনা করে শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়

(b.university.pro@gmail.com)